



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা)
এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd



নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৮৭৯

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩
১০ সেপ্টেম্বর ২০২৬

দপ্তরাদেশ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন বিভিন্ন অবকাঠামো, বিশেষত বন্যা নিয়ন্ত্রণ বাঁধ, উপকূলীয় পোল্ডার, সেচ ও নিষ্কাশন খাল, নদী/খালের তীর এবং অন্যান্য উপযুক্ত স্থানে মাটি ক্ষয়রোধ ও ঢাল স্থিতিশীলকরণে ভেটিভার (বিমা) ঘাসের ব্যবহার, রোপণ, রক্ষণাবেক্ষণ ও প্রয়োগ সংক্রান্ত একটি সমন্বিত নির্দেশিকা প্রণয়ন করা প্রয়োজন। এ লক্ষ্যে ভেটিভার ঘাস ব্যবহারের সম্ভাব্যতা ও কার্যকারিতা, বাপাউবো'র বিভিন্ন ধরনের প্রকল্পে এর প্রযোজ্যতা ও প্রয়োগের ক্ষেত্র, Site Selection Criteria, Design Criteria, Standard Design ও Technical Specification, রোপণ ও রক্ষণাবেক্ষণ পদ্ধতি, প্রচলিত Structural Protection-এর সঙ্গে এর সমন্বিত ব্যবহার এবং চলমান ও সমাপ্ত পাইলটিং কার্যক্রমের মাঠপর্যায়ের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট কারিগরি বিষয়াদি পর্যালোচনা করে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়নের মাধ্যমে একটি সমন্বিত নির্দেশিকা প্রণয়নের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠন করা হলো:

ক্রম নং	কর্মকর্তাদের নাম, পদবী ও দপ্তর (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)	কমিটিতে অবস্থান
১।	জনাব উম্মে মাহফুজা হক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), নকশা সার্কেল- ৬, বাপাউবো, ঢাকা।	আহবায়ক
২।	জনাব পলি দাশ, নির্বাহী প্রকৌশলী (পুর), নকশা সার্কেল-৭, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩।	জনাব অলি আফাজ চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা-এর দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	ড. ফারিয়া ফাহিম বাঁধন, নির্বাহী প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বর্তমানে লিয়েনে ইউনিসেফ বাংলাদেশ এ কর্মরত)।	সদস্য
৫।	জনাব মোঃ বেলাল উদ্দিন বিশ্বাস, উপ-প্রধান (কৃষি), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা-এর দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৬।	জনাব পিউলী দে, নির্বাহী প্রকৌশলী (পুর), নকশা সার্কেল-৫, বাপাউবো, ঢাকা।	সদস্য-সচিব

২) কমিটির কার্যপরিধি:

ক) বাপাউবো'র আওতাধীন বিভিন্ন অবকাঠামো, বিশেষত বন্যা নিয়ন্ত্রণ বাঁধ, উপকূলীয় পোল্ডার, সেচ ও নিষ্কাশন খাল, নদী/খালের তীর এবং অন্যান্য উপযুক্ত স্থানে মাটি ক্ষয়রোধ ও ঢাল স্থিতিশীলকরণে ভেটিভার ঘাস ব্যবহারের সম্ভাব্যতা পর্যালোচনা করা;

খ) দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ভেটিভার ঘাসের ব্যবহার, কার্যকারিতা, প্রয়োগ পদ্ধতি ও কারিগরি মানদণ্ড সংক্রান্ত বিদ্যমান গবেষণা, নির্দেশিকা ও অভিজ্ঞতা পর্যালোচনা করে বাপাউবো'র প্রেক্ষাপটে প্রযোজ্য বিষয়সমূহ চিহ্নিত করা;

গ) মাটির ধরন, ঢালের প্রকৃতি, পানির স্তর, স্রোতের বেগ, বন্যার স্থায়িত্ব, জোয়ার-ভাটা, লবণাক্ততা ও অন্যান্য প্রাসঙ্গিক ভৌত-হাইড্রোলজিক্যাল বিষয় বিবেচনায় ভেটিভার ব্যবহারের উপযুক্ত ও অনুপযুক্ত ক্ষেত্র এবং Site Selection Criteria নির্ধারণ করা;

ঘ) প্রচলিত Structural Protection-এর সঙ্গে ভেটিভার ঘাসের সমন্বিত ব্যবহারের ক্ষেত্র, পদ্ধতি ও সীমাবদ্ধতা নির্ধারণ এবং Design Criteria, Standard Design ও Technical Specification প্রণয়ন করা;

ঙ) বাপাউবো'র আওতাধীন কোন কোন ধরনের প্রকল্পে ভেটিভার ঘাস ব্যবহার করা যেতে পারে তা চিহ্নিতকরণ এবং প্রকল্পের প্রকৃতি, অবস্থান ও কারিগরি প্রয়োজনীয়তা বিবেচনায় ভেটিভার ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা;

চ) বর্তমানে চলমান বা সমাপ্ত বিভিন্ন পাইলটিং ভেটিভার কার্যক্রম পরিদর্শন করে মাঠপর্যায়ের অভিজ্ঞতা ও ফলাফল পর্যালোচনা এবং প্রয়োজনীয় কারিগরি পরামর্শ প্রদান করা;

ছ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর সংশ্লিষ্ট কমিটি/বিশেষজ্ঞ দলের সঙ্গে ভেটিভার ঘাসের ব্যবহার, পাইলটিং, গবেষণা ও কারিগরি বিষয়াদি সম্পর্কে প্রয়োজনীয় সমন্বয় সাধন করা;

জ) ভেটিভার রোপণ-পরবর্তী পরিচর্যা, রক্ষণাবেক্ষণ এবং প্রয়োজনীয় পুনরোপণের জন্য কারিগরি নির্দেশনা প্রণয়ন করা;

ঝ) ভেটিভার ব্যবহারের কার্যকারিতা, স্থায়িত্ব, পরিবেশগত প্রভাব ও ব্যয়-সাশ্রয়িতা যাচাইয়ের লক্ষ্যে প্রয়োজনীয় Pilot Plantation/Trial এবং Monitoring & Evaluation-এর পদ্ধতি ও কাঠামো নির্ধারণ করা;


ঞ) অন্যান্য;

ট) উপর্যুক্ত বিষয়সমূহের আলোকে বাপাউবো'র জন্য “ভেটিভার ঘাসের ব্যবহারের ক্ষেত্র, ডিজাইন, রোপণ ও রক্ষণাবেক্ষণ নির্দেশিকা”-এর খসড়া প্রণয়নপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য উপস্থাপন করা।

৩) কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন। প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমন করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৪) কমিটি পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে নির্দেশিকা ৩(তিন) প্রস্তুত অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। এছাড়াও, স্বাক্ষরিত নির্দেশিকার স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



১০-০৯-২০২৬

সজল কুমার রায়

নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ফোন : ০২২২২২৩০০৪০


ইমেইল : adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৮৭৯/১ (২০)

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩
১০ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব), বাপাউবো, ঢাকা।
- ৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
- ৫। ড. মোঃ শরিফুল ইসলাম, প্রফেসর ও প্রো-ভিসি, বুয়েট, ঢাকা।
- ৬। অতি. প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৭। অতি. প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
- ৮। অতি. প্রধান প্রকৌশলী (পুর), ডিজাইন এন্ড রিসার্চ, বাপাউবো, ঢাকা।
- ৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-৫, বাপাউবো, ঢাকা।
- ১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৬, বাপাউবো, ঢাকা।
- ১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৭, বাপাউবো, ঢাকা।
- ১৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। জনাব পলি দাশ, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৭, বাপাউবো, ঢাকা।
- ১৬। জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি।
- ১৭। জনাব পিউলী দে, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৫, বাপাউবো, ঢাকা।
- ১৮। জনাব অলি আফাজ চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ১৯। জনাব ফারিয়া ফাহিম বাঁধন, নির্বাহী প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ২০। জনাব মোঃ বেলাল উদ্দিন বিশ্বাস, উপ-প্রধান (কৃষি), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা।



১০-০৯-২০২৬

সজল কুমার রায়

নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)